



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/২৪৪

তারিখঃ ২৭/০৪/২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

৫৭০ তম কমিশন সভা অদ্য ২৭/০৪/২০১৬ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. কমিশন Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer by Small Capital Companies) Rules, 2016 এর খসড়া অনুমোদন করেছে। খসড়া Rules টি জনমত আহ্বানের লক্ষ্যে ইংরেজী ও বাংলা পত্রিকা এবং কমিশনের ওয়েব সাইট (www.secbd.org/www.sec.gov.bd) এ অচিরেই প্রকাশ করার সিদ্ধান্তও গৃহীত হয়। সংশ্লিষ্ট খসড়া Rules টি প্রেস বিজ্ঞপ্তীর সাথে সংযোজনী হিসেবে সংযুক্ত করা হ'ল।
২. কমিশন 'তৃতীয় আইসিবি ইউনিট ফান্ড'-এর প্রসপেক্টাস কিছু সংশোধনীসহ (কনভারসন গাইডলাইন অনুসরণ করার কারণে) অনুমোদন করেছে। উল্লেখ্য যে, 'তৃতীয় আইসিবি মিউচুয়াল ফান্ড' মেয়াদি থেকে বে-মেয়াদি (Growth Fund)-তে রূপান্তরিত হয়েছে। ফান্ডের টার্গেট সাইজ ৪৪ কোটি টাকা মাত্র। 'তৃতীয় আইসিবি মিউচুয়াল ফান্ড'-এর সম্পদ ব্যবস্থাপক হিসাবে কার্যরত ছিল ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এবং রূপান্তরিত 'তৃতীয় আইসিবি ইউনিট ফান্ড'-এর সম্পদ ব্যবস্থাপক হিসাবে আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিমিটেড কার্যক্রম পরিচালনা করবে।
৩. কমিশন 'চতুর্থ আইসিবি ইউনিট ফান্ড'-এর প্রসপেক্টাস কিছু সংশোধনীসহ (কনভারসন গাইডলাইন অনুসরণ করার কারণে) অনুমোদন করেছে। উল্লেখ্য যে, 'চতুর্থ আইসিবি মিউচুয়াল ফান্ড' মেয়াদি থেকে বে-মেয়াদি (Growth Fund)-তে রূপান্তরিত হয়েছে। ফান্ডের টার্গেট সাইজ ৩১.৫০ কোটি টাকা মাত্র। 'চতুর্থ আইসিবি মিউচুয়াল ফান্ড'-এর সম্পদ ব্যবস্থাপক হিসাবে কার্যরত ছিল ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এবং রূপান্তরিত 'চতুর্থ আইসিবি ইউনিট ফান্ড'-এর সম্পদ ব্যবস্থাপক হিসাবে আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিমিটেড কার্যক্রম পরিচালনা করবে।
৪. কমিশন 'পঞ্চম আইসিবি ইউনিট ফান্ড'-এর প্রসপেক্টাস কিছু সংশোধনীসহ (কনভারসন গাইডলাইন অনুসরণ করার কারণে) অনুমোদন করেছে। উল্লেখ্য যে, 'পঞ্চম আইসিবি মিউচুয়াল ফান্ড' মেয়াদি থেকে বে-মেয়াদি (Growth Fund)-তে রূপান্তরিত হয়েছে। ফান্ডের টার্গেট সাইজ ৪৬ কোটি টাকা মাত্র। 'পঞ্চম আইসিবি মিউচুয়াল ফান্ড'-এর সম্পদ ব্যবস্থাপক হিসাবে কার্যরত ছিল ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এবং রূপান্তরিত 'পঞ্চম আইসিবি ইউনিট ফান্ড'-এর সম্পদ ব্যবস্থাপক হিসাবে আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিমিটেড কার্যক্রম পরিচালনা করবে।
৫. Securities and Exchange Ordinance, 1969 এর 20A ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর বিধি ৮১ এর আলোকে, মিউচুয়াল ফান্ডের অবলুপ্তির পর ইউনিট মালিকগণের প্রাপ্য সমুদয় অর্থ ফেরত প্রদানে সুবিধাজনক পস্থা গ্রহণে তথা বিনিয়োগকারীদের স্বার্থে বিএসইসি, নিম্নবর্ণিত নির্দেশনা জারির সিদ্ধান্ত গ্রহণ করেছে:

ক) মিউচুয়াল ফান্ডের ইউনিট মালিকগণকে অবসায়ন পরবর্তী বন্টনযোগ্য অর্থ, ট্রাস্টি ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্ক (EFTN) এর মাধ্যমে ফেরৎ প্রদান করবে। তবে শর্ত থাকে যে, অর্থ প্রদানের ক্ষেত্রে মার্জিন শ্রেণীভুক্ত গ্রাহকদের (বিও হিসাবসমূহের) প্রাপ্য অর্থ একত্রে মার্জিন গ্রাহকদের সংশ্লিষ্ট ডিপিকে EFTN এর মাধ্যমে প্রদান করবে। উক্ত ডিপি পরবর্তীতে ইউনিট মালিকগণের তালিকা অনুযায়ী সংশ্লিষ্ট বিনিয়োগকারীদের হিসাবে পরবর্তী ৩ (তিন) দিনের মধ্যে প্রদান করবে। এক্ষেত্রে প্রত্যেক মার্জিন ঋণ প্রদানকারী প্রতিষ্ঠান সংশ্লিষ্ট ডিপি অনুযায়ী মার্জিন গ্রাহকের তালিকা ও বিবরণসহ নির্ধারিত সময়ের মধ্যে ফান্ডের ট্রাস্টিকে অবহিত করবে এবং অর্থ বিতরণের পর তাদের একটি প্রতিবেদন পরবর্তী দুই কার্যদিবসের মধ্যে ট্রাস্টিকে হস্তান্তর করবে।




বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

খ) মিউচুয়াল ফান্ডের যে সকল ইউনিট মালিকগণকে EFTN এর মাধ্যমে অর্থ প্রদান সম্ভবপর নয় বা অন্যবিধ যৌক্তিক কোন কারণে সম্ভবপর নয় শুধুমাত্র সেসকল ক্ষেত্রে ক্রসড চেক বা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের এর মাধ্যমে সংশ্লিষ্ট ট্রাস্টি অর্থ ফেরৎ প্রদান করবে।

৬. Finance Act, 2015 (Act No. X of 2015) অনুযায়ী ব্যাংক, ইস্যুরেস ও আর্থিক প্রতিষ্ঠান ব্যতীত আয়কর প্রদানকারী সকল তালিকাভুক্ত কোম্পানিকে একই আর্থিক বছর অর্থাৎ জুলাই-জুন আর্থিক বছর অনুসরণ করতে হবে, যা ০১ জুলাই ২০১৬ তারিখ হতে কার্যকর হবে। উক্ত Finance Act পরিপালনের লক্ষ্যে উল্লিখিত তালিকাভুক্ত কোম্পানিসমূহকে কতিপয় সিকিউরিটিজ আইন পরিপালনের বাধ্যবাধকতা থেকে ৩০ জুন ২০১৬ তারিখ পর্যন্ত অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এ সংক্রান্ত নির্দেশনা অতিসত্ত্বর জারী করা হবে।


২৭/০৮/২০২১

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক
ও
মুখপাত্র।